গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	সৈয়দ মনজুরুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ ও সময়	:	১১.০৩.২০১৫ খ্রিঃ, সকালঃ ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ পর্যায়ে তিনি সভার পটভূমি তুলে ধরে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদিত মন্ত্রণালয়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনা (১ জানু, ২০১৫ থেকে ৩০ জুন, ২০১৬) ১৫ মার্চ ২০১৫ তারিখর মধ্যে উক্ত বিভাগে প্রেরণের অনুরোধ জানানো হয়েছে। গত ০৯.০৩.২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সাথে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাক্ষরিত Annual Performance Agreement (APA)-এ মন্ত্রণালয়ের Strategic Objectives' অংশে নৈতিকতা কমিটি কর্তৃক শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন এর জন্য ২ নম্বর নির্ধারিত রয়েছে মর্মে সভাকে জানানো হয়।

২। সভায় উল্লেখ করা হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' গত ১০.১২.২০১২ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে জারি করা হয়েছে। এই দলিলে রূপকল্প (Vision) 'সুখী সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য (Mission) 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার'র কথা উল্লেখ করা হয়েছে। বাংলাদেশ জাতিসংঘের United Nations Convention Against Corruption (UNCAC) এর অনুসমর্থনকারী দেশ। দুর্নীতি নির্মূলকরণ ও রাষ্ট্রে শুদ্ধাচার ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আইনগত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণকে এই কনভেনশনে উৎসাহ প্রদান করা হয়েছে। গত ১০.০৭.২০১৩ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে দপ্তর/সংস্থা/অনুবিভাগ প্রধানগণকে নিয়ে একটি নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। কমিটি ইতোমধ্যে ২টি সভা অনুষ্ঠান করেছে এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণসহ মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার প্রাথমিক দলিল প্রণয়ন করেছে। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ফোকাল পয়েন্টদের এ বিষয় প্রশিক্ষণ দান করায় বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

৩। মন্ত্রণালয়ের শুদ্ধাচার সংক্রান্ত কর্মপরিকল্পনায় মূল ১১টি ক্ষেত্রের কর্মসম্পাদন সূচক চিহ্নিত করে দায়িত্ব, সময় ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। নৈতিকতা কমিটির তৃতীয় এ সভায় কর্মপরিকল্পনাটির বিভিন্ন কর্মসূচক, লক্ষ্যমাত্রা ও বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে কিছু মুদ্রণজনিত সংশোধন ও সময়সীমা বর্ধিতকরণের সুপারিশ করা হয়। সভায় কর্মপরিকল্লানার বিষয়সহ যৌক্তিকতা পর্যালোচনান্তে সদস্যগণ কর্মপরিকল্পনা অনুমোদনের বিষয়ে ঐক্যমত প্রকাশ করেন। এসময় কর্মকর্তাগণ কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রম গ্রহণের অঙ্গীকার ব্যক্ত করেন। দপ্তর/সংস্থার প্রধানগণ তাদের শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত কার্যক্রমও সভায় উপস্থাপন করেন।

৪। **সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৪.১: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের শুদ্ধাচার সংক্রান্ত কর্মপরিকল্পনা (১ জানুয়ারি, ২০১৫ থেকে ৩০ জুন, ২০১৬ তারিখ) অনুমোদন করা হল।

৪.২: অনুমোদিত কর্মপরিকল্পনা মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সকল কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

৪.৩: বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রমগুলি নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে এবং প্রতিমাসের ৩ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৪.৪: মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ/দপ্তর/সংস্থায় প্রতিমাসে অগ্রাধিকার ভিত্তিতে কর্মপরিকল্পনার কার্যসম্পাদন নিবীড়ভাবে পরিবীক্ষণ করতে হবে এবং পরিমার্জন ও সংশোধনের প্রয়োজন হলে নৈতিকতা কমিটিকে অবহিত করতে হবে।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৪.৫: অনুমোদিত কর্মপরিকল্পনায় মার্চ-এপ্রিল মাসে সম্পাদিতব্য কার্যক্রমসমূহ বিশেষত সিটিজেন চার্টার প্রণয়ন ও প্রদর্শণের বিষয়সহ অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতির উপর জরুরি কার্যক্রম গ্রহণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখ: ১৫.০৩.২০১৫
সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৪৫.১৪১.০১৪.০০.০০.০০২.২০১৩-৫৩ তারিখঃ ১৮.০৩.২০১৫খ্রিঃ

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত (চিশিজ ও উন্নয়ন/প্রশাসন/জ:স্বা: ও বি:স্বা:), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা/ঔষধ প্রশাসন অধিদপ্তর/ নিপোর্ট), ঢাকা।
৪। যুগ্মসচিব (পক: ও কা:/আ:ব্য: ও অডি:/ হাস: ও নার্সিং/প্রশাসন/পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহা-পরিচালক (যুগ্মসচিব, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আনসারী ভবন ঢাকা।
৬। যুগ্মপ্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (উপপ্রধান, মানব সম্পদ ব্যবস্থাপনা ইউনিট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৯। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১১। পরিচালক, সেবা পরিদপ্তর, ইস্পাহানি ভবন, মতিঝিল, ঢাক।
১২। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

১৮/৩/১৫
(ফাতেমা রহিম ভীনা)
উপসচিব
ও
ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd